

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৪৮
৩১/ হৃদয়-গলানো উপদেশ
পরিচ্ছেদঃ কিয়ামতের কতিপয় লক্ষণ

আরবী

وَعَنْ أَبِى هُرَيْرَةَ قَالَ: بَيْنَمَا النَّبِيُّ عَيَّلِيُّ فِي مَجْلِسٍ يُحَدِّثُ القَومَ جَاءَ أَعْرَابِيُّ فَقَالَ: مَتَى السَّاعَةُ ؟ فَمَضَى رَسُوْلُ اللهِ عَيَّلِيُّ يُحَدِّثُ فَقَالَ بَعْضُ القَومِ: سَمِعَ مَا قَالَ فَكَرِهَ مَا قَالَ وَقَالَ بَعْضُهُمْ: بَلْ لَمْ يَسْمَعْ حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ قَالَ: أَيْنَ السَّائِلُ عَنِ السَّاعَةِ ؟ قَالَ : هَا أَنَا يَا رَسُوْلَ اللهِ قَالَ إِذَا ضَيِّعَتِ الأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ قَالَ: كَيفَ إِضَاعَتُهَا ؟ قَالَ : هَا أَنَا يَا رَسُوْلَ اللهِ قَالَ إِذَا ضَيِّعَتِ الأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ قَالَ: كَيفَ إِضَاعَتُهَا ؟ قَالَ إِذَا وُسِدَ الأَمْرُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَةُ رواه البخاري

বাংলা

(৩৮৪৮) আবূ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মসজিদে) লোকেদের নিয়ে আলোচনা করছিলেন। ইতোমধ্যে এক বেদুঈন এসে প্রশ্ন করল, 'কিয়ামত কখন হবে?' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্ণপাত না ক'রে আলোচনায় রত থাকলেন। এতে কেউ কেউ বলল যে, 'তার কথা তিনি শুনেছেন এবং তার কথা তিনি অপছন্দ করেছেন।' কেউ কেউ বলল, 'বরং তিনি শুনতে পাননি।' অতঃপর তিনি যখন কথা শেষ করলেন, তখন বললেন, কিয়ামত সম্পর্কে প্রশ্নকারী লোকটি কোথায়? সে বলল, 'ইয়া রাসূলুল্লাহ! এই যে, আমি।' তিনি বললেন, যখন আমানত নষ্ট করা হবে, তখন তুমি কিয়ামতের প্রতীক্ষা করো। সে বলল, 'কিভাবে আমানত বিনষ্ট হবে?' তিনি বললেন, 'অনুপযুক্ত লোকের প্রতি যখন নেতৃত্ব সমর্পণ করা হবে, তখন তুমি কিয়ামতের প্রতীক্ষা করো হবে, তখন তুমি কিয়ামতের প্রতীক্ষা করো।

ফুটনোট

(বুখারী ৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন